


শিক্ষার্থীদের জন্য মাইক্রোসফটের ‘সোস্যাল’ নেটওয়ার্ক

ইন্টারনেটনির্ভর এই বিশ্বে সামাজিক যোগাযোগের সাইটগুলো এখন সবচেয়ে জনপ্রিয় প্রযুক্তি প্রবণতা। ফেসবুক আর টুইটার ছাড়িয়ে এখন বিভিন্ন দেশে নিজস্ব প্ল্যাটফর্মের সাইটও গড়ে উঠছে। আর ফেসবুকে অ্যাকাউন্টধারী তো খুব শীঘ্ৰই পেরিয়ে যাচ্ছে ১০০ মিলিয়নের ল্যাঙ্গুয়ার্ক। ফেসবুকের প্রতিদ্বন্দ্বিতা করতে গত বছর গুগলও চালু করে সামাজিক যোগাযোগের সাইট ‘গুগল প্লাস’। জনপ্রিয় হয়ে ওঠে এটিও। এবার সামাজিক যোগাযোগের সাইট চালু করলো মাইক্রোসফট। ফেসবুকের আইপিও নিয়ে যখন প্রযুক্তি বিশ্বে চলছে শোরগোল, তখন নিরবেই মাইক্রোসফট চালু করলো এই সেবা। ‘সোস্যাল’ নাম নিয়ে যাত্রা শুরু করা এই সামাজিক যোগাযোগের সাইট (<http://www.so.cl/>) অবশ্য মূল ধারার সামাজিক যোগাযোগের সাইট নয়। মাইক্রোসফট জানিয়েছে, মূলত শিক্ষার্থীদের লক্ষ্য করেই তৈরি করা হয়েছে এই সাইটটি। মাইক্রোসফটের ফিউস (FUSE) ল্যাব তৈরি করেছে এই সামাজিক যোগাযোগের প্ল্যাটফর্ম। শিক্ষার্থীদের জন্য তৈরি করা এই সাইটটিতে পার্টনার হিসেবে যুক্ত রয়েছে ইউনিভার্সিটি অব ওয়াশিংটন, সাইরাকজ ইউনিভার্সিটি এবং নিউইয়র্ক ইউনিভার্সিটি। মাইক্রোসফট এই সাইট সম্পর্কে জানিয়েছে, ‘সোস্যাল’ রয়েছে সোস্যাল নেটওয়ার্কিং এবং সার্চের এক পরিপূর্ণ সমষ্টিয়। এতে করে শিক্ষার্থীরা সহজেই তাদের পরিচিত ব্যক্তিদের খুঁজে বের করে সবসময় তাদের সংস্পর্শে থাকতে পারবে। পাশাপাশি একসাথে কাজ করতে শিয়ে তাদের পছন্দের বিষয়গুলো শেয়ার করতে পারবে।’



‘পারবে।’ শিক্ষার্থীদের উদ্দেশ্যে তারা বলেছে, ‘আমরা চাই শিক্ষার্থীরা ফেসবুক, টুইটার, লিংকেডইনের মত সামাজিক যোগাযোগের সাইটগুলো ব্যবহার করবে এবং একইসাথে গুগল, বিং এবং অন্যান্য সার্চ টুলও ব্যবহার করবে।’ পাশাপাশি আমরা আশা করছি, আমাদের এই প্ল্যাটফর্মের মাধ্যমে তারা বুঝতে পারবে আমাদের প্রতিদিনের যোগাযোগের নানান মাধ্যমে কতটা উন্নত হতে পারে।’ আর পারস্পারিক তথ্য আদান-প্রদানের মাধ্যমে নিজেদের কতটা সম্মুক্ত করা যায়, সেটাও তারা এর মাধ্যমে বুঝতে পারবে।’ নতুন এই প্ল্যাটফর্মে সোস্যাল সার্চের যে ফিচারটি যুক্ত করা হয়েছে, সেটির সমর্থন দেবে মাইক্রোসফটেই সার্চ ইঞ্জিন বিং। ‘সোস্যালে’ লগ অন করলেই অনেক ধরনের টপিক শেয়ারে পাওয়া যাবে। এর মধ্য থেকে যেকেউ তার পছন্দের টপিকটি দেখতে এবং সেটা সম্পর্কে আরও নানান ধরনের তথ্য ও লিংক শেয়ার করতে পারবে। ফেসবুকের শেয়ার বাটনের মতই ‘সোস্যালে’ রয়েছে বিশেষ বাটন ‘বুর্কমার্কলেট’। এখানেও যেকেউ অন্যদের পোষ্টে মন্তব্য করতে পারবে, ট্যাগ করতে পারবে অন্য কাউকে এবং এর পাশাপাশি যেকোনো কনটেন্টের সাথে ব্যবহারকারীরা নতুন উপায়ে ‘ইন্টার্যাক্ট’ করতে পারবে বলেই জানিয়েছে মাইক্রোসফট। আর বিশেষ ফিচার হিসেবে এখনে রয়েছে ‘ভিডিও পার্টি’, যাতে একাধিক ব্যবহারকারী মিলে নানান ভিডিও থেকে সার্চ করে নতুন ভিডিও তৈরি করতে এবং শেয়ার করতে পারবে। ফেসবুক অথবা উইন্ডোজ লাইভ আইডি দিয়েই নিবন্ধন করা যাবে এই ‘সোস্যাল’ নেটওয়ার্কে।